21

দৈনিক সংবাদ

তারিখ ... 17 JAN 1994
পৃষ্ঠা ৮ কলাম ৪

ভিসি'র পদত্যাগ দাবি

# বুয়েটে ধর্মঘট পালন

প্রকৌশলী, বিশ্ববিদ্যালয়ের ভিসি'র পদত্যাগের দাবিতে সর্বদলীয় ছাত্রঐক্য ও ইউকসু'র আহ্বানে গতকাল রোববার প্রকৌশল বিশ্ববিদ্যালয়ে ধর্মঘট পালিত হয়েছে। ধর্মঘট চলাকালে সকাল সাড়ে ৮টায় সর্বদলীয় ছাত্রঐক্যের উদ্যোগে মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে বক্তৃতা করেন জাতীয়তাবাদী ছাত্রদলের বুয়েট শাখার সাধারণ সম্পাদক নাজমুস সাকের (নিপুণ) ছাত্রলীগ (ম-ই) বুয়েট শাখার সাধারণ সম্পাদক আতাউল মাহমুদ, ছাত্র ইউনিয়ন বুয়েট শাখার সাধারণ সম্পাদক আনোয়ার সাদাত, ছাত্রলীগের (বা-কা) বুয়েট শাখার নেতা রেজাউল ইসলাম ও সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট বুয়েট শাখার নেতা আহমেদ উল্লাহ।

সমাবেশে ছাত্রনেতারা অবিলম্বে ভিসিকে অপসারণ করে শিক্ষার পরিবেশ ফিরিয়ে আনার জন্য উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট জোর দাবি জানান। সমাবেশে আগামী ২০শে জানুয়ারি পর্যন্ত ধর্মঘটের কর্মসূচী ঘোষণা করা হয়।